

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০১৮.১৭-৩৬২

তারিখঃ ০২ কার্তিক ১৪২৫  
১৭ অক্টোবর ২০১৮

বিষয়ঃ পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন পাতাবুনিয়া আদর্শ কৃষি ও কারিগরি মহাবিদ্যালয়ের MPO শীট সংশোধনসহ ইন্সট্রাক্টর (নন-টেক) রসায়ন ও ইন্সট্রাক্টর (টেক) কৃষি শিক্ষকদের বেতন-ভাতা ছাড়করণার্থে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত (রিট পিটিশন নং-১২৬৩/২০১৭ মামলায়) ০৬/০৪/২০১৭ তারিখের আদেশ বাস্তবায়নক্রমে টিএমইডিকে অবহিতকরণ।

সূত্রঃ অধ্যক্ষ, পাতাবুনিয়া আদর্শ কৃষি ও কারিগরি মহাবিদ্যালয়, গলাচিপা, পটুয়াখালী এর স্মারক নং-পাআকাম/০৬/১৮, তারিখ: ০৩/০৯/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন পাতাবুনিয়া আদর্শ কৃষি ও কারিগরি মহাবিদ্যালয়ের MPO শীট সংশোধনসহ ইন্সট্রাক্টর (নন-টেক) রসায়ন ও ইন্সট্রাক্টর (টেক) কৃষি শিক্ষকদের বেতন-ভাতা ছাড়করণার্থে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং-১২৬৩/২০১৭ মামলায় গত ০৬/০৪/২০১৭ তারিখে যে রায় হয়েছে তা নিম্নরূপ-

"The respondent Nos. 1, 2 and 4 are directed to grant the Government portion of salary (MPO) and other benefits, if any, in favour of the petitioners after correcting the name of the heading in Monthly Pay Order (MPO) sheet as "Monthly Pay Order - Agriculture April-2016" in place of "Monthly Pay Order (MPO) -Business Management April-2016" of Patabunia Adarsha Agriculture & Technical College, Patabunia, Police Station and District- Patuakhali within 1 (one) month on receipt of this judgment and order without any fail. The respondent No. 3 Director General, Directorate of Technial Education is also directed to take necessary steps for releasing the Government portion of salary (MPO) of the petitioners, directing the respondent Nos. 1, 2 and 4 if so required."

০২। আলোচ্য রায়/আদেশে ২টি বিষয় বাস্তবায়নের জন্য মাননীয় আদালত কর্তৃক প্রতিপক্ষগণ তথা সরকার-কে নির্দেশনা প্রদান করা হয়েছে-

(ক) রায়/আদেশের কপি পাওয়ার ০১ (এক) মাসের মধ্যে আলোচ্য প্রতিষ্ঠানের এমপিও শীটের শিরোনাম সংশোধনক্রমে Monthly Pay Order (MPO) -Business Management April-2016 এর স্থলে Monthly Pay Order (MPO) Agriculture April-2016 লেখা; এবং

(খ) পিটিশনারদ্বয়ের আবশ্যিকীয় যোগ্যতা পূরণ সাপেক্ষে বেতন-ভাতা'র সরকারি অংশ (এমপিও) প্রদানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

০৩। রিট পিটিশন নং-১২৬৩/২০১৭ মামলার ০৬/০৪/২০১৭ তারিখের রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল ৩৯৮৯/২০১৭ দায়ের করা হলে ২১২ দিন সময় দ্বারা বারিত হওয়ায় CPLA মামলাটি গত ০১/০৮/২০১৮ তারিখে মাননীয় আপিল আদালত কর্তৃক খারিজ করা হয়। আপিল মামলাটির আদেশ নিম্নরূপ-

"The leave petition is out of time by 212 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory.

Accordingly, the civil petition for leave to appeal is dismissed as barred by limitation."

০৪. সরকার পক্ষে দাখিল করা আপিল আবেদনটি মহামান্য আপীল বিভাগ কর্তৃক খারিজ হয়ে যাওয়ায় মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায় বহাল রয়ে যায়। ফলশ্রুতিতে রিট পিটিশন নং-১২৬৩/২০১৭ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত আদেশ বাস্তবায়ন ব্যতীত সরকার পক্ষে তথা টিএমইডি এ পক্ষে অন্য কোনরূপ আইনগত প্রতিকার লাভের সুযোগ নেই। অর্থাৎ উক্ত রায় বাস্তবায়নের আইনগত বাধ্যবাধকতা সৃষ্টি হয়েছে বিধায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত গত ০৬/০৪/২০১৭ তারিখের রায়/নির্দেশনা বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৩। বর্গিতাবস্থায় রিট পিটিশন নং-১২৬৩/২০১৭ মামলায় মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ০৬/০৪/২০১৭ তারিখের রায়/নির্দেশনা বাস্তবায়ন করত: আগামী ১৫/১১/২০১৮ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: জাহাঙ্গীর হোসেন সেকারী)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৯৫৭৫২৭২

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা (যুগ্মসচিব (অডি ও আইন) মহোদয়ের সদয় অবগতির জন্য)।  
অধ্যক্ষ, পাতাবুনিয়া আদর্শ কৃষি ও কারিগরি মহাবিদ্যালয়, উপজেলা- গলাচিপা, পটুয়াখালী।